



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৪ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের

সুস্থতা কামনায় খতমে কোরআন ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন অসুস্থ হওয়ায় তাঁর সুস্থতা কামনায় আজ সোমবার সকালে কর্পোরেশনের কে বি আবদুচ ছতার মিলনায়তনে খতমে কোরআন ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। মিলাদের পূর্বে পবিত্র কোরআনের খতম আদায় করেন হযরত তারেকশাহ টাকশাহ (র:) মিয়া মাজার ও মসজিদের হাফেজগণ। মিলাদ মাহফিলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর তারেক সোলায়মান সেলিম, মো. গিয়াস উদ্দিন, ছালেহ আহমেদ চৌধুরী, জয়নাল আবেদীন, নাজমুল হক ডিউক, সলিম উল্লাহ বাচ্চু, জহর লাল হাজারী, আবদুল কাদের, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আঞ্জুমান আরা বেগম, মনোয়ার বেগম মনি, আবিদা আজাদ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, মেয়রের একান্ত সচিব মো. মঞ্জুরুল ইসলাম, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, উপ সচিব আশেক রসুল চৌধুরী টিপু, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা সাইফুদ্দিন আহমেদ, ঠিকাদার এসোসিয়েশনের সভাপতি শফিউল আজম, তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ সহ কর্পোরেশনের অন্যান্য পদস্থ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

মিলাদ শেষে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের আশু আরোগ্য কামনা ও দেশ-জাতির সমৃদ্ধি কামনায় বিশেষ মুনাজাত করা হয়। মুনাজাত পরিচালনা করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এবাদত খানার ইমাম মাওলানা মোহাম্মদ ওসমান।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা